**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
**বরিশাল**
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০২৫/৮৪৩১ তারিখ : ০৬/১১০/২০২৫

**বিষয় : স্বীকৃতি নবায়ন**

সূত্র : কলেজের অধ্যক্ষ মহোদয়ের ১৭/০৭/২০২৫ তারিখের কসক/২০২৫/১০৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানাচ্ছি যে, কাউনিয়া সরকারি কলেজ, বরিশাল সদর, জেলা: বরিশাল -এর আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতির মেয়াদ ০১/০৭/২০২৫ থেকে ৩০/০৬/২০২৭ তারিখ পর্যন্ত ০২(দুই) বছরের জন্য নবায়ন করা হলো।

স্বীকৃতি নবায়নের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদ্সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| শাখা | বিষয় |
|---|---|
| ১। আবশ্যক বিষয় | : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি । |
| নৈর্বাচনিক বিষয় | |
| ২। ক) মানবিক শাখা | : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, সমাজ বিজ্ঞান, সমাজকর্ম, যুক্তিবিদ্যা এবং ভূগোল। |
| ৩। খ) ব্যবসায় শিক্ষা শাখা | : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন। |
| ৪। গ) বিজ্ঞান শাখা | : পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত । |
| ৫। সকল শাখার জন্য | : কৃষি শিক্ষা এবং পরিসংখ্যান। |

শর্তাবলী ঃ

০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে।
০২। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
০৩। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
০৪। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
০৫। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
০৬। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
০৭। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
০৮। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

Jasim
06/10/25

**প্রফেসর ড. মোঃ জসিম উদ্দিন**
**আইডি নং- ৯২৮৪**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৭৪৫
মোবাইল: ০১৭১২-০৮১৬৩৯
gmail : jasim0071@gamil.com

অধ্যক্ষ
কাউনিয়া সরকারি কলেজ
বরিশাল সদর
জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
৪। পরিচালক,মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর.বরিশাল আঞ্চল,বরিশাল।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো।